

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নম্বরঃ ০৫.০০.০০০০.২০১.১৮.০০১.১৮.২৩৩

তারিখঃ ১৫ আশ্বিন ১৪২৭  
৩০ সেপ্টেম্বর ২০২০

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সিভিল সার্ভিস ক্যাডার কর্মকর্তাগণের চাকরি স্থায়ীকরণের পূর্বশর্ত। মাননীয় প্রধানমন্ত্রী গত ১৭ জানুয়ারি ২০২০ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় পরিদর্শন কালে বুনিয়াদি প্রশিক্ষণের বিষয়ে নিয়ন্ত্রণ অনুশাসন প্রদান করেছেন :

“বাংলাদেশ সিভিল সার্ভিসের সকল ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ প্রাপ্তির পরপরই বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে। বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে ক্যাডার সংশ্লিষ্ট অন্যান্য প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। ব্যাচভিত্তিক প্রশিক্ষণ নিশ্চিত হওয়া বাঞ্ছনীয়”। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিনিয়ত যাচাইপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন আকারে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে উপরোক্ত অনুশাসনের বাস্তবায়ন অত্যাাবশ্যিক।

২। অধিকন্তু বুনিয়াদি প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন না করার কারণে কর্মকর্তার চাকরি স্থায়ীকরণে, কর্মজীবন পরিকল্পনা বাস্তবায়নে নেতিবাচক প্রভাব সৃষ্টিসহ পরবর্তী ব্যাচের কর্মকর্তাগণের জন্য অনাকাঙ্ক্ষিত ব্যাকলগ সৃষ্টি হচ্ছে। বাংলাদেশ সিভিল সার্ভিসে প্রতিবছর নিয়মিত ক্যাডার কর্মকর্তা নিয়োগ করা হয় সেহেতু কোন কর্মকর্তা বুনিয়াদি প্রশিক্ষণ যথাসময়ে অংশগ্রহণ না করলে, তাকে পরবর্তীতে মনোনয়ন প্রদান করা অসম্ভব হয়ে পড়ে।


৩। বর্ণিত প্রেক্ষাপটে, ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণে মনোনীত (নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের মনোনয়নের প্রেক্ষাপটে) কর্মকর্তাদের উক্ত প্রশিক্ষণে আবশ্যিকভাবে যোগদানের জন্য এবং এ বিষয়ে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বুনিয়াদি প্রশিক্ষণে অহেতুক অংশগ্রহণ না করার প্রেক্ষিতে মনোনীত কর্মকর্তাগণের চাকরি স্থায়ীকরণ এবং চাকরি সংক্রান্ত পরবর্তী জটিলতার দায়ভার জনপ্রশাসন মন্ত্রণালয় বহন করবে না।

  
(মোরা বিলকিস জাহান)  
উপসচিব

ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৬৮৫২  
[it2@mopa.gov.bd](mailto:it2@mopa.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম
- ৬) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় ( প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য )
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য )
- ১০) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, সিনিয়র সিস্টেমস এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১) অফিস কপি।

  
(মোরা বিলকিস জাহান)  
উপসচিব

ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৬৮৫২  
[it2@mopa.gov.bd](mailto:it2@mopa.gov.bd)